কবিতা/গল্প প্রকাশ
সংবাদপত্রের সাহিত্য পৃষ্ঠায় "কবিতা/গল্প" প্রকাশিত করতে যোগাযোগ নং- ৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত বাংলা দৈনিক

# এই যুগ

EI YUG

"ওঠো, জাগো, লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থামো না"
- স্বামী বিবেকানন্দ



ইন্টারনেট সংস্করণ : eiyug.in [PRICE। মূল্য-2 টাকা]

HOWRAH । হাওড়া DAILY। দৈনিক RNI:WBBEN/2020/81746 10 JULY 2025, THURSDAY । ১০ জুলাই ২০২৫, বৃহস্পতিবার VOLUME । বর্ষ-5 ISSUE । সংখ্যা-328 PAGE । পৃষ্ঠা-4

## ট্রেড ইউনিয়নের ডাকা বনধে মিশ্র সাড়া আলিপুরদুয়ারে



মলয় দেবনাথ, এই যুগ, আলিপুরদুয়ার, ৯ জুলাই: কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন সহ ফেডারেশনের ডাকা চব্বিশ ঘন্টার ভারত বনধ কে কেন্দ্র করে দফায় দফায় উত্তেজনা তৈরি হয়েছে আলিপুরদুয়ার জেলার বিভিন্ন প্রান্তে। প্রায় ২৫ জন বন্ধ সমর্থককে গ্রেফতার করেছে পুলিশ। আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম থানার কামাখ্যাগুড়ি এলাকায় বন্ধকে সফল করতে পথে নেমেছিল সিপিআইএম নেতৃত্বরা। অন্যদিকে সিপিআইএমের বিরোধিতা করি কামাখ্যাগুড়ি চৌপথি এলাকায় পথে নেমেছে তৃণমূল। প্রচন্ড উত্তেজনা তৈরি হয়েছিল তৎক্ষণাৎ ঘটনাস্থলে ছুটে আসে পুলিশ। দুদলের নেতাদের সরিয়ে দেন পুলিশ। কাল চিনিতে সিপিআইএম এবং তৃণমূলের মধ্যে বচসা শুরু হয়েছিল। সামান্য উত্তেজনা তৈরি হয়েছিল দুপক্ষের মধ্যে। আলিপুরদুয়ার জেলা শহরে সরকারি গাড়ি চলার চেষ্টা করলেও বন্ধ সমর্থকরা আটকে দেয়। যদিও ১০ জন বন্ধ সমর্থক কে গ্রেফতার করেছে আলিপুরদুয়ার থেকে। তবে বেসরকারি বাস দেখা যায়নি শহরে। ৩১ নম্বর জাতীয় সড়কে দূরপাল্লার গাড়ির সংখ্যা ছিল খুবই কম। আলিপুরদুয়ার শামুকতলা রাজ্য সড়কে গুটিকয়েক অটো রিক্সা চলেছে তবে যাত্রী ছিল খুবই কম। আলিপুরদুয়ার দুই ব্লকের রাজধানী বলে পরিচিত যশোডাঙ্গা বাজারে বন্ধের ছোঁয়া লাগেনি। তবে ৩১ নম্বর জাতীয় সড়ক সংলগ্ন শামুকতলা রোড এলাকায় পুরোপুরি বন্ধ ছিল দোকানপাট। বনধ কে কেন্দ্র করে পুলিশের তৎপরতা ছিল তুঙ্গে। ফালাকাটায় ১৫ জন বনধ সমর্থককে গ্রেফতার করেছে পুলিশ। চা বাগান গুলোতে মিশ্র সাড়া মিলেছে। যে সমস্ত চা বাগান গুলোতে সিটুর আধিপত্য আছে সেই চা বাগান গুলোতে কাজ হয়নি। তবে অনেক চা বাগানে যথারীতি কাজ হয়েছে। শামুকতলা থানার পুলিশ কোন বনধ সমর্থককে গ্রেফতার করতে পারেনি। বনধ সফল হয়েছে বলছেন কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন এবং ফেডারেশনের নেতৃত্বরা।

## নারায়ণগড়ে বেহাল রাস্তা, বাঁশের ডুলিতে অসুস্থ বৃদ্ধা



এই যুগ, পশ্চিম মেদিনীপুর, ৯ জুলাই: বেহাল রাস্তা দিয়ে হেঁটে যাওয়ার উপায় নেই। রোগিণীকে হাসপাতালে নিয়ে যেতে ভরসা বাঁশ। সেই বাঁশের সঙ্গে বেঁধে দুই দিক থেকে কাঁধে সেই বাঁশ তুলে নিলেন দু'জন। সেই অবস্থায় হেটে চললেন। পশ্চিম মেদিনীপুর জেলার নারায়ণগড় ব্লকের গ্রামরাজ অঞ্চলে শানদেউলি গ্রামে এই ঘটনাটি ঘটেছে। এলাকাবাসীরা জানান, ওই রাস্তায় অ্যাম্বুল্যান্স ঢোকার উপায় নেই। তাই বাঁশে ঝুলিয়েই অ্যাম্বুল্যান্স পর্যন্ত রোগিণীকে নিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেন সকলে মিলে। এলাকাবাসীরা আরও জানিয়েছেন, রাস্তার বেহাল দশা নিয়ে বহুবার জেলাশাসক, বিডিও-র কাছে লিখিত অভিযোগ জমা দেওয়া হয়। বর্ষার সময় বিশেষ করে বাড়ি থেকে মূল রাস্তায় এসে উঠতে রীতিমতো হিমশিম খেতে হচ্ছে তাঁদের। স্কুল থেকে কলেজ থেকে ফেরার সময় প্রায়শই দুর্ঘটনা ঘটে সেখানে।

## নবরূপে সজ্জিত হচ্ছে আমতা অডিটোরিয়াম



এই যুগ, হাওড়া, ৯ জুলাই: এবার নবরূপে সজ্জিত হচ্ছে আমতা অডিটোরিয়াম। থাকছে অত্যাধুনিক শীততাপ নিয়ন্ত্রিত ব্যবস্থা, ব্যালকনি, আধুনিক মানের মঞ্চ, উন্নত সাউন্ড সিস্টেম। দর্শকাসনের সংখ্যাও বাড়ছে। সব মিলিয়ে নবকলেবরে গড়ে উঠছে বাম আমলে গড়ে ওঠা আমতা এই অডিটোরিয়াম। দুর্গাপুজোর আগেই নতুনভাবে সাজানো অত্যাধুনিক মানের এই অডিটোরিয়াম সাধারণ মানুষের জন্য খুলে দেওয়া হবে বলে জানিয়েছেন উলুবেড়িয়া উত্তরের বিধায়ক নির্মল মাজি। প্রশাসনিক সূত্রে খবর, রবীন্দ্র নজরুল নামাঙ্কিত এই অডিটরিয়াম করতে খরচ হচ্ছে প্রায় ৬ কোটি টাকা। সুসজ্জিত ভাবে নব রূপে এই অডিটরিয়াম পেতে চলায় খুশি আমতায় বসবাসকারী সংস্কৃতিপ্রেমী মানুষেরা। তাদের মতে আগামী দিনে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য এই অডিটরিয়াম সহজেই পাওয়া যাবে।

## ফালাকাটার কুঞ্জনগরে খাঁচা বন্দী চিতাবাঘ



মলয় দেবনাথ, এই যুগ, আলিপুরদুয়ার, ৯ জুলাই: আলিপুরদুয়ার জেলার ফালাকাটা থানার কুঞ্জনগরে একটি পরিত্যক্ত রিসোর্ট থেকে একটি চিতাবাঘ ধরা পড়ে। বুধবার সকালে চিতা বাঘটি খাঁচা বন্দী হয়। বেশ কিছুদিন যাবত ওই এলাকায় গবাদিপশু নিখোঁজ হয়ে যাচ্ছিল। অবশেষে বুধবার খাঁচাবন্দী হলো চিতা বাঘ স্বস্তির নিঃশ্বাস ফেললেন এলাকার বাসিন্দারা। জলদাপাড়া বন্যপ্রাণী বিভাগ চিতাবাঘ টিকে উদ্ধার করে নিয়ে যায়। স্বাস্থ্য পরীক্ষার পর সেটিকে আবার জঙ্গলে ছেড়ে দেওয়া হবে।

## জেলার কথা

# মুচলেকা দিয়েও বহাল তবিয়তে টিউশন পড়াচ্ছেন শিক্ষকরা

মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ জুলাই :স্কুল শিক্ষকদের টিউশন পড়ানো নিয়ে গত কয়েক বছর যাবত আন্দোলন করছেন বেকার যুবকেরা। আলিপুরদুয়ার জেলার বিভিন্ন প্রান্তে স্কুল শিক্ষকদের টিউশন পড়ানো নিয়ে বিভিন্ন ভাবে আন্দোলনে নেমেছিলেন প্রাইভেট শিক্ষক রা। প্রাইভেট শিক্ষকদের আন্দোলনের পরেই ছাত্র তুমি কার "স্কুল শিক্ষকের নাকি প্রাইভেট শিক্ষকদের" এমন প্রশ্ন উঠে এসেছিল। অবশেষে তথ্য জানার অধিকার আইন ২০০৫ এর মাধ্যমে আলিপুরদুয়ার জেলার বেশ কিছু শিক্ষকের মুচলেকা এসে হাতে পৌঁছেছে প্রাইভেট শিক্ষকদের। স্কুল শিক্ষকদের উস্কানিতে আলিপুরদুয়ার জেলার শামুকতলায় ছাত্রছাত্রীরা মিছিল করেছিলেন প্রাইভেট শিক্ষকদের বিরুদ্ধে। এমনকি সেই মিছিল থেকে স্লোগান উঠেছিল "প্রাইভেট শিক্ষকদের চামড়া গুটিয়ে নেব আমরা"। শামুকতলায় মিছিল হওয়ার পরেই নড়েচড়ে বসে ছিল প্রাইভেট শিক্ষকদের বেসরকারি সংগঠন। ইতিমধ্যেই আলিপুরদুয়ার জেলার শামুকতলা থানার বেশ কিছু শিক্ষকের টিউশন পড়ানো নিয়ে মুচলেকা তাদের হাতে এসে পৌঁছেছে। জানা গেছে স্কুলের সময় ছাড়াও সকাল বিকাল বহাল তবিয়তে টিউশন পড়াচ্ছেন স্কুল শিক্ষকরা। কোন শিক্ষকের কাছে ছাত্র-ছাত্রীর সংখ্যা চার থেকে পাঁচশ পর্যন্ত আছে এমনটাও জানা গেছে। সরকারি আইন সহ হাইকোর্টের রায় কে মান্যতা দিতে রাজি নন অনেক স্কুল শিক্ষক।

# আলিপুরদুয়ার হাসপাতাল চত্বরে চুরির ঘটনায় চাঞ্চল্য



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ জুলাই : আলিপুরদুয়ার হাসপাতাল চত্বরে চুরির ঘটনা ঘটেছে। হাসপাতালে গাড়িতে করে রোগী নিয়ে আসার পর রোগী ভর্তি করে গাড়ির চালক ফিরে এসে দেখেন গাড়ির টেপ রেকর্ডার খুলে নিয়ে গেছে দুষ্কৃতীরা বুধবার বিকেল ছটা নাগাদ। এর আগেও চুরির ঘটনা ঘটেছে হাসপাতাল চত্বরে। বুধবার বিকেলে আবার এমন চুরির ঘটনার পরেই অ্যাম্বুলেন্স চালক থেকে শুরু করে অন্যান্য গাড়ি চালকদের মধ্যে আতঙ্ক তৈরি হয়েছে। উল্লেখ্য হাসপাতাল চত্বরে রোগী নিয়ে যান জেলার বিভিন্ন প্রান্তের গাড়ি চালক থেকে শুরু করি অ্যাম্বুলেন্স চালকরা। স্বাভাবিক ভাবেই গাড়ির চালকরা নিরাপত্তা নিয়ে প্রশ্ন তুলেছেন। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## কাগজের নৌকা

১০ জুলাই ২০২৫ , বৃহস্পতিবার

# ঠিকানা

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর , পশ্চিমবঙ্গ )

ঠিকানা নিয়ে কবুতর , পাখা মেলে আকাশে যে ওড়ে ,
গগন -পানে শুধুই চেয়ে থাকে ,আকাশ কি সেটা জানে !
কোথাও বাঁজলে যে মেঘের নুপুর ,
পদ্ম পাতায় টলমল করে বিষাদ দুপুর ,
জলের আয়নায় কাজল এঁকেছে ,
অভিমানে নয়ন- যুগল বড্ড যে সেজেছে ,
সুখ-দুঃখের সবটুকু যে স্মৃতি হয়ে থাকে ,
হয়তো বা শূন্যে যাযাবরের মতো ঘোরাফেরা করে ,
ওই তীর ভাঙা গাঙ্গে ,অবহেলায় রসস্তটুকু ,
স্মৃতি হয়ে থাকে ,যদি আসে কোন ঠিকানা ,
হয়তো বা শূন্যে ছুঁড়ে ফেলে দেবে ,
বিষাদময় স্মৃতির মায়া , আঁকা স্মৃতি হয়ে থাকে ,
শেষ পাতায় যাতনা- গুলো ,বেল কাঁটার মত বিদ্ধ হয় ,
নির্জনে বসে অনুযোগের হালকা ছিল রেশ ,
আকাশ জুড়ে জোৎস্না ছিল বেশ ,
চাঁদের অকাল অমাবস্যার রাতে ,
নালিশের আজ দেখেছি বান ,
মেঘ যখন ব্যস্ত তারই উদযাপনে ,
আঙ্গুল ছোঁয়ার ওই স্বপ্ন-শিহরণ ,
আড়ালে রয়েছে তার স্পর্শকাতর মন।
মেঘের কোলে আছে যে বসত ঘর ,
দিগন্ত-পানে ভোরের মুখ প্রসারিত ,
চাঁদ যে এখন ওই অভিমানেই উল্লোষিত।।

# লোকালয় থেকে কচ্ছপ উদ্ধার শামুকতলায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ জুলাই : লোকালয় থেকে কচ্ছপ উদ্ধার করল বনদপ্তরের কর্মীরা বুধবার রাত সাড়ে সাতটা নাগাদ। আলিপুরদুয়ার ২ ব্লকের টটপাড়া এক নম্বর গ্রাম পঞ্চায়েতের তালেশ্বরগুড়ি রেজিবুল করিমের বাড়ির পাশে একটি পুকুর থেকে কচ্ছপটি উঠার সময় এলাকার বাসিন্দারা দেখতে পান। এরপরেই তারা কচ্ছপ টিকে ধরে বাড়িতে জলের মধ্যে রাখেন। কচ্ছপটি কে উদ্ধার করার পরেই খবর দেওয়া হয় সাউথ রায়ডাক রেঞ্জের বন কর্মীদের। বনকর্মীরা এসে রাত আটটা নাগাদ কচ্ছপটি কে নিয়ে যান। অক্ষত অবস্থায় কচ্ছপটি উদ্ধার হয়েছে সেটি কে নারারথলি বড়বিলে ছেড়ে দেওয়া হবে জানিয়েছেন সাউথ রায়ডাক রেঞ্জের রেঞ্জার দেবাশীষ মন্ডল।

# কোহিনুর চা শ্রমিকদের দুর্দশা মিটেনি ,চা পাতা তুলতে গিয়ে চোখে জল শ্রমিকদের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ জুলাই : রাজনৈতিক দল কি তা তারা জানেন না। চা পাতা তুলে প্রতিদিন আড়াইশো টাকা মালিকের কাছ থেকে নিয়েই কোনোভাবে দিন চলছে শ্রমিকদের। বুধবার কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন ফেডারেশনের ডাকা ২৪ ঘন্টার সাধারণ ধর্মঘটের ছোঁয়া লাগেনি কোহিনুর চা বাগানের শ্রমিকদের। রাজনৈতিক দলের কোন ট্রেড ইউনিয়নের নেতা তাদেরকে বলেনি কাজে না যাওয়ার কথা। এমনকি কোন নেতা তাদেরকে কাজে যেতেও বলেনি। নিজেদের পেটের তাগিদেই সাতসকালে এসে কাজে লেগেছেন শ্রমিকরা। কাজ করে দিন শেষে আড়াইশো টাকা নিয়ে বাড়ি ফিরে সকলের মুখে অন্ন যোগানোই তাদের মূল লক্ষ্য এমনটাই বলছেন কোহিনুরের কর্মরত মহিলা চা শ্রমিক ফুলমনি ওরাও সহ শংকর কর্মকার। দীর্ঘদিন যাবত বকেয়া পড়ে আছে মালিক পক্ষ দিচ্ছেন না। তাছাড়া কে বা চা বাগানের মালিক সেটাও তারা জানেন না। হামেশাই পরিবর্তন হচ্ছে কোহিনূর চা বাগানের মালিক। শ্রমিকদের বকেয়া রয়েছে প্রভিডেন্ট ফান্ডের টাকা। বন্ধের দিনেও বহাল তবিয়তে কাজ করছেন শ্রমিকরা নিজেদের পেটের তাগিদে। মাসে ২৪ থেকে ২৫ দিন কাজ হয় তাদের ।দৈনিক হাজিরা আড়াইশো টাকা। কোন সুবিধাই পাওয়া যাচ্ছে না বাগান কর্তৃপক্ষের কাছ থেকে। শিক্ষার দিক থেকেও অনেকটা পিছিয়ে চা বাগানের কচিকাঁচারা। অভিভাবকদের রোজগার কম তাই ঠিকভাবে খাওয়াতে পারছেন না পড়াশোনা হবে কিভাবে। চোখের জল মুছতে মুছতে এভাবেই বললেন বাগানের মহিলা কর্মী ফুল মনি ওরাও। কোহিনুর চা বাগানের শ্রমিকদের মুখে কি হাসি ফুটবে ? যদিও শুভবুদ্ধির সম্পন্ন মানুষেরা বলছেন প্রাপ্য বকেয়া তাদের হাতে আসলেই হাসি ফুটবে চা শ্রমিকদের।



# আলিপুরদুয়ারে তৃণমূলের গোষ্ঠী কোন্দল




মলয় দেবনাথ, এই যুগ, আলিপুরদুয়ার, ৯ জুলাই: কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন ও ফেডারশনের ডাকে আলিপুরদুয়ারের বনধ ব্যর্থ করতে গিয়ে তৃনমূলের গোষ্ঠী কোন্দল প্রকাশ্যে এসেছে। গোষ্ঠী কোন্দলের জেরে চরম উত্তেজনা তৈরি হয়েছে। উত্তেজনা থামাতে বিশাল পুলিশ বাহিনী মোতায়েন করা হয়েছে। গ্রাম পঞ্চায়েত প্রধানের স্বামী তথা তৃনমুল কর্মী রঞ্জিত রায়ের মাথা ফাটিয়ে দেওয়ার অভিযোগ উঠল তপসিখাতা অঞ্চল তৃণমূল কংগ্রেসের চেয়ারম্যান তথা আলিপুরদুয়ার ১ পঞ্চায়েত সমিতির কৃষি কর্মাধ্যক্ষ লক্ষ্মী কান্ত রাভা এবং তার অনুগামীদের বিরুদ্ধে। ঘটনাটি বুধবার দুপুর নাগাদ ঘটেছে পাটকাপাড়া চা বাগানে। জখম হয়েছেন দুই গোষ্ঠীর কমপক্ষে সাত জন। অন্যদিকে অবসরপ্রাপ্ত বিএসএফ আধিকারিক রঞ্জিত রায়ের বিরুদ্ধে শূন্যে দুই রাউন্ড গুলি চালানোর অভিযোগ এনেছেন কর্মাধ্যক্ষ লক্ষ্মী কান্ত রাভা। বুধবার বনধের সকালে স্থানীয় তৃণমূল নেতৃত্বের কাছে খবর আসে যে পাটকাপাড়া চা বাগানে সর্বাত্মক বনধ চলছে। খবর পাওয়া মাত্রই তৃণমূলের দুই গোষ্ঠীর নেতা কর্মীরা ওই চা বাগানের গেট খুলে দেওয়ার জন্য মালিক কর্তৃপক্ষের উপর চাপ দিতে থাকেন। অভিযোগ সেই সময় আচমকাই বচসায় জড়িয়ে পড়েন প্রধান অনুগামী ও বর্ষীয়ান তৃণমূল নেতা লক্ষ্মী কান্ত রাভার অনুগামীরা। মুহূর্তেই হাতাহাতি থেকে তুমুল মারপিট শুরু হয়ে যায় দুই পক্ষের মধ্যে। অভিযোগ ওই সময় প্রথমে লক্ষ্মী কান্তের অনুগামীদের উপর চড়াও হয় প্রধান গোষ্ঠীর লোকেরা। ওই তুমুল মারপিটের মধ্যে মাথায় লাঠির আঘাত পেয়ে লুটিয়ে পড়েন প্রধানের স্বামী রঞ্জিত রায়। তারপরেই লক্ষ্মী কান্ত রাভার অনুগামীদের ছত্রভঙ্গ করতে ওই রঞ্জিত রায় নাকি শূন্যে দুই রাউন্ড গুলি ছোঁড়েন। ঘটনার পর থেকেই পাটকাপাড়া চা বাগান ও তপসিখাতা বাজারে চাপা উত্তেজনা ছড়ায়। ঘটনার খবর পেয়ে আলিপুরদুয়ার থেকে বিশাল পুলিশ বাহিনী গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। যদিও গুলি চালানোর অভিযোগ সম্পূর্ণ ভাবে অস্বীকার করেছেন রঞ্জিত রায়ের স্ত্রী তথা তপসিখাতা গ্রাম পঞ্চায়েতের প্রধান শেফালী বর্মন রায়। উল্লেখ্য এক গোষ্ঠী অপূর্ব গোষ্টীর বিরুদ্ধে একে অপরের বিরুদ্ধে অভিযোগ তুলেছেন।

# ভাটিবাড়িতে খুনের ঘটনার পুনঃনির্মাণ করল পুলিশ




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ জুলাই : ভাটিবাড়ী বোরাগাড়ির খুনের ঘটনা নিয়ে পুনঃনির্মাণ করল ভাটিবাড়ি ফাঁড়ির পুলিশ বুধবার। বৌদির দিকে কুনজর দিয়ে জেঠতুতো দাদাকে খুন করে তার কাকাতুতো ভাই এবং এক বন্ধু। ছেলেকে খুনের অভিযোগে বাবা অভিযোগ দায়ের করে পুলিশের কাছে। পুলিশ শ্রীরাম দাস কে খুনের অভিযোগে শুকদেব দাস এবং রুপক দাস কে গ্রেফতার করে আদালত থেকে পাঁচ দিনের পুলিশ হেফাজতে আনে। বুধবার ঠিক খুনের ঘটনা নিয়ে ভাটিবাড়ি ফাঁড়ির ওসি দীপায়ন সরকার ঘটনার পুনঃনির্মাণ করেন। ঠিক কিভাবে খুন করা হয়েছিল অভিযুক্ত দুজন সেটা করে দেখান। দীপায়ন সরকার জানিয়েছেন সেদিন রাতে মাছ ধরার কথা বলে ডেকে এনে মাঠে বসে তারা বিড়ি খান। বিড়ি খাওয়া নিয়ম তাদের মধ্যে ঝগড়া হয়। এরপরেই মাছ ধরতে গিয়ে শ্রীরাম দাসকে ইলেকট্রিক তারের উপর ফেলে দেওয়া হয়। শুকদেব এবং রূপক পরিকল্পনা মাফিক তাকে বিদ্যুতের তারের উপর ধাক্কা মারে। ঘটনাস্থলে তার মৃত্যু হয়। এদিন ভাটিবাড়ি ফাঁড়ির ওসি সহ অন্যান্য পুলিশ কর্মীরাও উপস্থিত ছিলেন এই পুনঃনির্মাণ করার সময়। উল্লেখ্য দীর্ঘদিন ধরেই শ্রীরামের স্ত্রী সোনেকা বৌদিকে নানা ভাবে উক্তোক্ত করত তার দেবর। দাদাকে চিরজীবনের জন্য সরিয়ে দিয়ে বৌদিকে নিয়ে তার সংসার করার ফন্দি করেছিলেন। কিন্তু শেষ পর্যন্ত বৌদির সঙ্গে তার সংসার হলো না । তার ঠাঁই হয়েছে শ্রীঘরে। তবে এই ঘটনার সঙ্গে অন্য কেউ জড়িত আছে কিনা তা নিয়েও তদন্ত শুরু করেছেন ভাটিবাড়ী ফাঁড়ির ওসি দীপায়ন সরকার।

# তোলার টাকা না পেয়ে ট্রাকে ভাঙচুরের অভিযোগ পুলিশের বিরুদ্ধে



এই যুগ , কলকাতা ,৯ জুলাই : তোলার টাকা না পেয়ে ট্রাকে ভাঙচুর চালিয়েছে পুলিশ ,এমনই অভিযোগ উঠল নিউ আলিপুর থানার পুলিশের বিরুদ্ধে। এই ঘটনায় ইতিমধ্যেই ৪ জন সাব-ইনস্পেক্টরকে সাসপেন্ড করা হয়েছে লালবাজারের তরফে। এই চারজন এসআই নিউ আলিপুর থানাতেই কর্মরত। সিসিটিভি ফুটেজ দেখে তাঁদের চিহ্নিত করা হয়েছে বলে জানা গিয়েছে। অভিযোগ , তোলার টাকা না পেয়ে দাঁড়িয়ে থাকা পরপর ৩০ থেকে ৩৫টি ট্রাকে ভাঙচুর চালিয়েছে পুলিশ। নিউ আলিপুর থানার ৪ এসআই-এর বিরুদ্ধে বিভাগীয় তদন্ত শুরু হয়েছে ইতিমধ্যেই। বুধবার সকালে নিউ আলিপুর মোড়ে বেশ কয়েকটি ট্রাক নিয়ে এসে অবরোধ করে দেয় ট্রাকচালক ও খালাসিরা। খতিয়ে দেখা হয় এলাকার সিসিটিভি ক্যামেরা। ওই ফুটেজ থেকেই নিউ আলিপুর থানার চার সাব-ইনস্পেক্টরকে চিহ্নিত করে তাঁদের সাসপেন্ড করেছে লালবাজার। এই চার পুলিশকর্মীর বিরুদ্ধে বিচারবিভাগীয় তদন্তের নির্দেশও দেওয়া হয়েছে বলে জানা গিয়েছে।




EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , PIN-711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO- 9062867921 ,9836753661 EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।